



প্রতিদিন বাকাশিবো এর ওয়েবসাইট
(www.bteb.gov.bd) ভিজিট করুন এবং
আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website : www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.১৯-১৩৩

তারিখ : ০১-০৭-২০১৯ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয় : ১৩ (তের) ডিজিট এর সোনালী ব্যাংক হিসাব নম্বর বোর্ডে প্রেরণ প্রসংঙ্গে ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের ডিপ্লোমা-ইন- ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন কাজ- যেমন উত্তরপত্র পরীক্ষক, নিরীক্ষক, প্রধান পরীক্ষক, টেবুলেটর, অনাভ্যন্তরীণ পরিদর্শক, প্রশ্নপত্র ব্যবস্থাপনা ইত্যাদি কাজের পারিশ্রমিক/সম্মানি সোনালী ব্যাংকের মাধ্যমে পরিশোধ করা হয়ে থাকে। বিগত পরীক্ষার দাখিলকৃত পারিশ্রমিক বিলে অনেকেই ১৩ ডিজিট যুক্ত সোনালী ব্যাংকের ব্যাংক হিসাব নম্বর না থাকায় বিল গুলো অন-লাইনে পরিশোধ করা যাচ্ছে না।

এমতাবস্থায়, যাদের ১৩ ডিজিট যুক্ত সোনালী ব্যাংক হিসাব নম্বর দাখিলকৃত বিলে উল্লেখ নেই, তাদেরকে আগামী ০৪-০৭-২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে উল্লেখিত ই-মেইল (E-mail : shahindcbteb@gmail.com) এ ১৩ ডিজিটের হিসাব নম্বর প্রেরণ করার জন্য বলা হলো। উল্লেখ্য যে, পরবর্তিতে যে কোন পারিশ্রমিক বিল দাখিলের সময় অবশ্যই ১৩ ডিজিট যুক্ত সোনালী ব্যাংক হিসাব নম্বর বিলে উল্লেখ করতে হবে। সোনালী ব্যাংকের ১৩ (তের) ডিজিট যুক্ত একাউন্ট নম্বর না থাকার কারণে কোন বিল প্রেরণ করা না গেলে বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ড. সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৯১১৩২৮৩

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.১৯-১৩৩(৯)

তারিখ : ০১-০৭-২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২. অধ্যক্ষ/পরিচালক/প্রতিষ্ঠান প্রধান (সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান)।
৩. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি Website -এ প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল)।
৬. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. নথি।

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৯১১৮৭৭৬